

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৫০৪

১. পবিত্রতা (১ পবিত্রতা)

পরিচ্ছেদঃ ৫৩. যাতে উযু নষ্ট হয় এবং (স্ত্রীকে) স্পর্শ করা ও চুমা দেয়া

بَابُ صِفَةِ مَا يَنْقُصْ الْوُضُوءَ ، وَمَا رُوِيَ فِي الْمُلَامَسَةِ وَالْقُبْلَةِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ أَبِي دَاؤُدَ ، نَا سَلَمَةُ بْنُ شَبِيبٍ ، وَحَوْثَرَةُ بْنُ مُحَمَّدِ الْمِنْقَرِيُّ ، \mathbf{c} : \mathbf{c} $\mathbf{c$

বাংলা

৫০৪(৩৩). আবদুল্লাহ ইবনে আবু দাউদ (রহঃ) ... আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি এক রাতে নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-কে বিছানায় খুঁজে পেলাম না। আমি হাত দিয়ে তাঁকে খোঁজতে গিয়ে আমার হাত তাঁর পদদ্বয়ের উপর পড়লো। তখন তাঁর পদদ্বয়ের পাতা খাড়া অবস্থায় ছিল এবং তিনি সিজদায় ছিলেন। আমি তাকে বলতে শুনলামঃ (হে আল্লাহ) আমি তোমার সন্তুষ্টির দ্বারা তোমার অসন্তুষ্টি থেকে পানাহ চাই, তোমার ক্ষমার দ্বারা তোমার শাস্তি থেকে পানাহ চাই, তোমার কাছে তোমার (আযাব) থেকে পানাহ চাই। তোমার প্রশংসা করে শেষ করা আমার পক্ষে সম্ভব নয়। তুমি দ্রুপই যেমন তোমার প্রশংসা তুমি নিজে করেছো। মূল পাঠ রাবী ইবনে কারামার।

ইবনে আবু দাউদের বর্ণনায় আছেঃ "তোমার ক্ষমার দ্বারা তোমার গযব থেকে পানাহ চাই"। আবদা ইবনে



সুলায়মান (রহঃ) উবায়দুল্লাহর সূত্রে তার অনুকরণ করেছেন। উহাইব, মু'তামির ও ইবনে নুমায়ের (রহঃ) তাদের বিপরীত বর্ণনা করেছেন। তারা উবায়দুল্লাহ (রহঃ) থেকে আল-আ'রাজ-আয়েশা (রাঃ) সূত্রে বর্ণনা করেছেন এবং তারা আবু হুরায়রা (রাঃ) এর উল্লেখ করেননি।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন